



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৫৮৪৩/

তারিখ :

বিষয় : অস্থায়ী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি

সূত্র : আপনার ০৫-০৩-২০১৫ খ্রি.তারিখের আবেদন

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ০১-০১-২০১৫ খ্রি. হতে ৩১-১২-২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত ০২ (দুই) বছর মেয়াদের জন্য অস্থায়ী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি করা হল।

### আরোপিত শর্তসমূহ

- ১। বিদ্যালয়ের সকল তথ্য ওয়েবসাইটে হালনাগাদ থাকতে হবে এবং সকল শিক্ষকের ই-মেইল খুলে বিদ্যালয়ের ওয়েবসাইটে দিতে হবে
- ২। অনুমোদন/অনুমোদনহীন শ্রেণি শাখা থাকলে অবিলম্বে যথাবিধি অনুমতি/অনুমোদন গ্রহণ করতে হবে
- ৩। পাবলিক পরীক্ষার ফলাফলের গুণগত মান আরও বৃদ্ধি করতে হবে
- ৪। শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিত আরও বৃদ্ধি করতে হবে
- ৫। লাইব্রেরি ব্যবস্থাপনা গতিশীল করতে হবে, পৃথক পাঠকক্ষ প্রয়োজনীয় আসবাবপত্র দ্বারা সজ্জিত করতে হবে এবং বইয়ের সংখ্যা কমপক্ষে ২০০০ খানায় উন্নীত করতে হবে। বাংলা একাডেমিক কর্তৃক প্রকাশিত সকল অভিধানের ০৩(তিন) কপি করে ও কৃতী লেখকদের প্রকাশিত বই ক্রয় করতে হবে
- ৬। শিক্ষকদের পাঠদানের প্রস্তুতি আরো শাগিত হতে হবে
- ৭। সহপাঠক্রমিক কার্যাবলী জোরদার করতে হবে
- ৮। এসবিএ ও পিবিএম এর কার্যাবলী জোরদার করাতে হবে
- ৯। শ্রেণি শাখাসমূহে শিক্ষার্থী সংখ্যা নিয়মানুযায়ী বিন্যস্ত করতে হবে
- ১০। পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়নপূর্বক পাঠদান করতে হবে
- ১১। বিদ্যালয় অঙ্গনে ফলদ, বনজ এবং ওষধি বৃক্ষ রোপণ করে উহা রক্ষণাবেক্ষণ করতে হবে
- ১২। বিদ্যালয়ে ইন্টারনেট ব্যবহার উপযোগী কম্পিউটার থাকতে হবে এবং যাবতীয় কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করতে হবে
- ১৩। কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ডে শিক্ষক-কর্মচারীবৃন্দ বিধিমোতাবেক নির্ধারিত হারে চাঁদা কর্তন করবেন এবং বিদ্যালয় কর্তৃপক্ষও সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীর হিসাবে সমপরিমাণ চাঁদা প্রদান করবেন
- ১৪। ছাত্রদের স্কাউট এবং ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন প্রস্তাব দ্রুত দাখিল করতে হবে অন্যথায় বিদ্যালয়ের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

*(Signature)*

(মোস্তা আমীর হোসেন)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪

প্রধান শিক্ষক,

আনন্দবাস মাধ্যমিক বালিকা বিদ্যালয়

ডাকঘর : আনন্দবাস, উপজেলা : মুজিবনগর, জেলা : মেহেরপুর

স্মারক নং-বিঅ-৬/৫৮৪৩/৯৮৩(৩)

তারিখ : ০২/১০/১৬

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৩। জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬। সংরক্ষিত কপি

*(Signature)*  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

*(Signature)*